‘নায়ক’ ও ‘মাতাল’ মুক্তিতে হাইকোর্টের নিষেধাজ্ঞা

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: ‘নায়ক’ ও ‘মাতাল’ সিনেমা দুটি মুক্তির ওপর নিষেধাজ্ঞা জারি করেছেন হাইকোর্ট। নতুন সিনেমাকে পুরনো সিনেমা হিসেবে মুক্তির অভিযোগে এক প্রযোজকের রিটের শুনানি নিয়ে বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি মো. সোহরাওয়ারদীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ নিষেধাজ্ঞা জারি করেন।

একই সঙ্গে এই দুটি নতুন সিনেমাকে পুরনো সিনেমা হিসেবে মুক্তি দেয়া কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। ১২ অক্টোবর সিনেমা দুটি মুক্তি পাওয়ার কথা থাকলেও রুল নিষ্পত্তি হওয়ার আগে পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে বলে আদেশে বলা হয়েছে।

মামলার বিবরণে জানা গেছে, ১২ অক্টোবর নতুন দুই পরিচালকের ‘মেঘ কন্যা’ ও‘আসমানী’ নামে দুটি নতুন চলচ্চিত্র মুক্তির কথা রয়েছে। এ দিনটিতে চলচ্চিত্র দুটি মুক্তির জন্য প্রায় তিন মাস আগে প্রযোজক সমিতিতে নিবন্ধন করা হয়েছে। তবে হঠাৎ করেই ‘নায়ক’ ও ‘মাতাল’ এই দুটি নতুন চলচ্চিত্র কথিত পুরনো চলচ্চিত্র হিসেবে একই দিনে মুক্তির ঘোষণা করা হয়। এতে মুক্তির জন্য প্রস্তুতি নেয়া ‘মেঘ কন্যা’ ও ‘আসমানী’ চলচ্চিত্র দুটির প্রযোজকরা তাদের চলচ্চিত্র মুক্তি নিয়ে শঙ্কায় পড়েন।

এরপর ‘নায়ক’ ও ‘মাতাল’ সিনেমা মুক্তি দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন ‘মেঘ কন্যা’ সিনেমার প্রযোজক জাহাঙ্গীর কবির। ওই রিটের শুনানি নিয়ে আদালত এই নিষেধাজ্ঞা আরোপ করেন।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮